# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম
## শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৬** **তারিখ: ২৪/৯/২০২৬ খ্রিস্টাব্দ**

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রম | বিভাগ/ইনস্টিটিউটের নাম | পদের নাম | পদের সংখ্যা ও ধরণ |
|---|---|---|---|
| ১. | চারুকলা ইনস্টিটিউট | সহকারী অধ্যাপক | ০৫ (পাঁচ)টি স্থায়ী; |
| | | প্রভাষক (ছাপচিত্র বিষয়) | ০১ (এক)টি স্থায়ী; |
| | | প্রভাষক (শিল্পকলার ইতিহাস বিষয়) | ০১ (এক)টি স্থায়ী; |
| | | প্রভাষক (ভাস্কর্য বিষয়) | ০১ (এক)টি স্থায়ী; |
| ২. | নাট্যকলা বিভাগ | প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী; |
| ৩. | আধুনিক ভাষা ইনস্টিটিউট | প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী; |
| ৪. | ইতিহাস বিভাগ | প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী; |
| | | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই)টি অস্থায়ী; |
| ৫. | ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ | প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী; |
| ৬. | একাউন্টিং বিভাগ | প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী; |
| ৭. | ম্যানেজমেন্ট বিভাগ | প্রভাষক | ০১ (এক) টি স্থায়ী; |
| | | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই)টি অস্থায়ী; |
| ৮. | অর্থনীতি বিভাগ | প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী; |
| ৯. | সমাজতত্ত্ব বিভাগ | প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী; |
| ১০. | লোকপ্রশাসন বিভাগ | প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী; |
| ১১. | আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই)টি অস্থায়ী; |
| ১২. | নৃবিজ্ঞান বিভাগ | প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী; |
| ১৩. | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ | প্রভাষক | ০২ (দুই) টি স্থায়ী; |
| ১৪. | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী; |
| ১৫. | উদ্ভিদবিজ্ঞান বিভাগ | প্রভাষক (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) | ০৪ (চার)টি অস্থায়ী; |
| ১৬. | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ | প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী। |

**বেতন স্কেল:**

১। সহকারী অধ্যাপক : জাতীয় বেতন স্কেল-২০২৬ এর ৬ষ্ঠ গ্রেড;

২। প্রভাষক : জাতীয় বেতন স্কেল-২০২৬ এর ৯ম গ্রেড।

**প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:**

**১। সহকারী অধ্যাপক :**

**(ক) এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট-এ সহকারী অধ্যাপক পদে নিয়োগের যোগ্যতা :**

এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ স্ব স্ব বিভাগে সহকারী অধ্যাপক পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক চ.বি. প্রভাষক পদে যোগদানকালীন যে শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত/বিদ্যমান ছিল সে শিক্ষাগত যোগ্যতাই প্রযোজ্য হবে। তাছাড়া ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে অন্তত ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্ততঃ প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

চলমান পাতা-২

এম. ফিল./এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে অন্ততঃ ১(এক) বছরসহ ন্যূনতম ২(দুই)বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্ততঃ প্রকাশিত ১(এক)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

পি-এইচ.ডি./ডি.এস-সি./ডি.লিট./ডি.ইঞ্জি. ডিগ্রি থাকলে সেক্ষেত্রে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ন্যূনতম ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্ততঃ প্রকাশিত ১(এক)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

**(খ) চারুকলা ইনস্টিটিউট-এ সম্পূর্ণ নতুনভাবে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় প্রযোজ্য যোগ্যতা:**

চারুকলা ইনস্টিটিউট-এ সহকারী অধ্যাপক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের বেলায় শিক্ষাগত যোগ্যতা এ ইনস্টিটিউট-এ সম্পূর্ণ নতুনভাবে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার {নিম্নের ২(১)-এ বর্ণিত যোগ্যতার} অনুরূপ হবে। তাছাড়া ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যার মধ্যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ০১ (এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্তত: প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

এম. ফিল./এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে অন্তত: ০১ (এক) বছরসহ ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্তত: প্রকাশিত ০১ (এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

পি-এইচ.ডি./ডি.লিট. ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভাগে প্রভাষক পদে ন্যূনতম ০১ (এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্ততঃ প্রকাশিত ০১ (এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

**প্রভাষক পদে ন্যূনতম অভিজ্ঞতা গণনার বেলায় দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/বিদেশের বিশ্ববিদ্যালয়-এ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে পূর্ণকালীন শিক্ষকতার সম্পূর্ণ অভিজ্ঞতা এবং ইউ.জি.সি কর্তৃক স্বীকৃত দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে পূর্ণকালীন শিক্ষকতার ৪০% অভিজ্ঞতা (সর্বোচ্চ ০৩ বছর) গণনা করা হবে।**

**২। প্রভাষক:**

**(১) চারুকলা ইনস্টিটিউট ও নাট্যকলা বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৩০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.২৫ থাকতে হবে।

**(২) আধুনিক ভাষা ইনস্টিটিউট-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টির মোট জি.পি.এ. ন্যূনতম ৮.০০ থাকতে হবে; তবে কোনো পর্যায়ে ৩.৫০ এর কম নয়। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

চলমান পাতা-৩

**(৩) ইতিহাস এবং ফারসি ভাষা ও সাহিত্য বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৪০ থাকতে হবে।

**(৪) একাউন্টিং ও ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৪.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে বি.বি.এ. (অনার্স) ও এম.বি.এ. ডিগ্রির উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.৭৫ থাকতে হবে।

**(৫) অর্থনীতি, সমাজতত্ত্ব, লোকপ্রশাসন, আন্তর্জাতিক সম্পর্ক, নৃবিজ্ঞান, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স ও ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩ (তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টির মোট জি.পি.এ. ন্যূনতম ৮.০০ থাকতে হবে, কিন্তু কোনো পর্যায়ে ৩.৫০ এর কম নয়। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬০ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

**(৬) উদ্ভিদবিজ্ঞান এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৪.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৭০ ও অন্যটিতে ৩.৬০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।

**উপরের ক্রমিক-২(৪), ২(৫) ও ২(৬)-এ বর্ণিত বিভাগসমূহে প্রভাষক নিয়োগের ক্ষেত্রে শুধুমাত্র ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি./সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেলায় ন্যূনতম জি.পি.এ. ৪.০০ এর স্থলে ৩.৫০ প্রাপ্ত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।**

চলমান পাতা-৪

সকল বিভাগ/ইনস্টিটিউট-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পি.এইচডি ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.১৫ এবং এম.ফিল/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ২য় মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.০৫ শিথিলযোগ্য। তবে ২য় মাস্টার্স ডিগ্রিকে কোনো অবস্থাতেই ১ম মাস্টার্স ডিগ্রি হিসেবে গণ্য করা যাবে না। পুরনো পদ্ধতিতে (বিভাগ/শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

অযোগ্যতা:

**বিজ্ঞাপিত ন্যূনতম যোগ্যতা থাকা সত্ত্বেও কেহ ছাত্রজীবনে শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দণ্ডিত/বহিস্কৃত হয়ে থাকলে তিনি যে কোনো শিক্ষক পদের জন্য আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বলে গণ্য হবেন।**

উক্ত পদসমূহের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদিসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://cu.ac.bd./noticeboard হতে Download করে এবং দরখাস্তের নির্ধারিত ফরম ও প্রকাশনার তালিকার প্রোফর্মা https://cu.ac.bd./forms.php হতে Download করে সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা-এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যেটি প্রযোজ্য) ও প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূলসেটের সাথে এবং মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি, নিয়োগের জন্য প্রয়োজনীয় বই এর ক্ষেত্রে abstract ও article এর ক্ষেত্রে পূর্ণ article এর ফটোকপিসহ (accepted প্রকাশনার ক্ষেত্রে acceptance letter ও পাণ্ডুলিপিসহ) প্রকাশনার তালিকা আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

নির্ধারিত ফরমে সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৬ (ছয়) সেট আবেদনপত্র আগামী ০১/১১/২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৮টা ৩০ মিনিট হতে বিকাল ৩টা ৩০ মিনিট পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অন্যান্য কাগজপত্র ফেরতযোগ্য নয়।

**ক্রমিক ২(৩)-এ বর্ণিত ইতিহাস বিভাগের প্রভাষক পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ০৭/২০২৫; তারিখ: ২০/১১/২০২৫ এর বিপরীতে ইতোপূর্বে আবেদনকারীগণের মধ্যে এ বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতার শর্তপূরণকারী প্রার্থীগণের আবেদনপত্র বিবেচনা করা হবে বিধায় তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**কোনো বিভাগ/ইনস্টিটিউট-এর একই ক্যাটাগরির/বিষয়ের একাধিক পদের বা বিভিন্ন ধরণের (স্থায়ী/অস্থায়ী/ছুটিজনিত অস্থায়ী) পদের জন্য একাধিক দরখাস্ত করার প্রয়োজন নেই।**

নির্ধারিত ফি ব্যতীত কিংবা উক্ত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত আবেদনপত্র, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় ফলাফল অপ্রকাশিত (appeared) প্রার্থীর পেশকৃত আবেদনপত্র, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে আবেদনপত্র) সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোনো প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত সংখ্যক আবেদনপত্রের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করলে তা বিবেচনা করা যাবে। নিয়োগের জন্য নির্বাচিত হলে (নিয়োগ পেলে) তাঁকে এ বিশ্ববিদ্যালয়ে যোগদানের সময় পূর্বের/সর্বশেষ কর্মস্থল থেকে অবশ্যই ছাড়পত্র আনতে হবে; তবে মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

২৩/১/২০২৬
(মোঃ হাছান মিয়া)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪,৭৯-৯১ এক্স-৪২০১।